

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/ ২৭ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৮৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি' নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

- | | | |
|--|---|------------|
| (১) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | : | আহ্বায়ক |
| (২) যে সকল মন্ত্রণালয়ের মধ্যকার বিরোধ নিষ্পত্তি করা প্রয়োজন
সে সকল মন্ত্রণালয়ের সচিব বা তাঁর প্রতিনিধি | : | সদস্য |
| (৩) সচিব, আইন ও বিচার বিভাগ | : | সদস্য |
| (৪) প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালক পর্যায়ের) | : | সদস্য |
| (৫) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) কমিটির কার্যপরিধি :

কমিটি একাধিক সরকারি প্রতিষ্ঠানের পরস্পরবিরোধী অবস্থানের ক্ষেত্রে আদালতে মামলা না করে আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) উক্ত কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংশ্লিষ্ট পক্ষ আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে আপিল করতে পারবে।

(১৩৯৬৩)

মূল্য : টাকা ৪.০০

-
- (ঘ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট এবং বিশেষজ্ঞ-মতামত গ্রহণ করতে পারবে।
- (ঙ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (চ) মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিট কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd